Merge & Split Cell/Table – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৫২

tutorial.hamimit.com/merge-split-cell-table-এম-এস-ওয়ার্ড-২০১৬-বাং

By ath_2018

December 9, 2019


Merge & Split Cell নিয়ে এ পর্বে বিস্তারিত আলোচনা করা হয়েছে।। ডকুমেন্টে **টেবিল** নিয়ে কাজ করার সময় টেবিল, রো, কিংবা কলামসমূহ একত্রিত কিংবা বিভক্ত করার প্রয়োজন হয়ে পড়ে।

এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টে টেবিলের সেলসমূহ বা টেবিল একত্রিতকরণ, সেল বা টেবিল বিভক্ত করার বিভিন্ন পদ্ধতি নিম্নে বর্ণিত হলো।


টেবিলের সেল একত্রিকরণ (Merge Cells in a Table)

কনটেক্সট মেন্যু ব্যবহার করে:


- **এম এস ওয়ার্ড ২০১৬** ওপেন করা না থাকলে ওপেন করুন।
- টেবিলের যে সেলসমূহ একত্রিত করতে চান তা সিলেক্ট করুন।
- নিচের চিত্রে সিলেক্টকৃত সেলসমূহ দেখানো হয়েছে। এক্ষেত্রে উদাহরণে আমরা প্রথম চারটি সেলকে সিলেক্ট করেছি একত্রিত করার জন্য।



- এবারে সিলেক্টকৃত সেলের ওপর মাউসের রাইট-বাটন ক্লিক করুন।
- প্রদর্শিত কনটেক্সট মেন্যু হতে **Merge Cells** ক্লিক করুন।




নিচের চিত্রে লক্ষ্য করুন সিলেক্টকৃত সেলসমূহ একত্রিত হয়ে গেছে।



ট্যাব ব্যবহার করে:

- টেবিলের যে সেলসমূহ একত্রিত করতে চান তা সিলেক্ট করুন।
- এবারে সিলেক্টকৃত সেলের ওপর মাউসের রাইট-বাটন ক্লিক করুন।
- প্রদর্শিত কনটেক্সট মেন্যু হতে **Merge Cells** ক্লিক করুন।




লক্ষ্য করুন সিলেক্টকৃত সেলসমূহ একত্রিত হয়ে গেছে।

টেবিলের সেল বিভক্ত করা (Split Cells in a Table)

কনটেক্সট মেন্যু ব্যবহার করে:


ধরুন, ওপরের উদাহরণে আমরা ৪টি সেলকে একটি সেলে পরিণত করা দেখেছি। এবারে ঐ সেলটিকে পুনরায় পূর্বের মত অর্থা২টি কলাম ও ২টি রোতে বিভক্ত করবো।

- পূর্বের মার্জ করা সেলটিতে কার্সর সে সেলে রাখুন। আপনি ইচ্ছে করলে প্রয়োজনীয় সেলে রাখতে পারেন।
- এবারে সিলেক্টকৃত সেলের ওপর মাউসের রাইট-বাটন ক্লিক করুন।
- প্রদর্শিত কনটেক্সট মেন্যু হতে **Split Cells** ক্লিক করুন।




এবারে প্রদর্শিত ডায়ালগ বক্সে **Number of Columns** এর ডানের ঘরে **2** এবং **Number of Rows** এর ডানের ঘরে **2** নির্ধারণ করে **Ok** বাটন ক্লিক করুন।

লক্ষ্য করুন, সিলেক্টকৃত সেলটি ২টি কলাম ও ২টি রোতে বিভক্ত হয়েছে।



ট্যাব ব্যবহার করে:

- টেবিলের যে সেলটি বিভক্ত করতে চান কার্সর সে সেলে রাখুন।
- অতপর **Table Tools** এর **Layout** ট্যাব এর **Merge** গ্রুপ বা প্যানেল এর **Split Cells** ক্লিক করুন।



প্রদর্শিত ডায়ালগ বক্সে বক্সে **Number of Columns** এর ডানের ঘরে **2** এবং **Number of Rows** এর ডানের ঘরে **2** নির্ধারণ করে **Ok** বাটন ক্লিক করুন।


লক্ষ্য করুন, সিলেক্টকৃত সেলটি ২টি কলাম ও ২টি রোতে বিভক্ত হয়েছে।

টেবিল বিভক্ত করা (Split a Table)

একটি বিষয় স্মরণ রাখতে হবে যে, টেবিলকে সবসময় হরিজোন্টালভাবে বিভিক্ত করা যায়, ভার্টিক্যালি টেবিল বিভক্ত করা যায় না।

ধরুন, ডকুমেন্টের টেবিলটির ৩য় রো থেকে বিভক্ত করতে চাই।

- এজন্য টেবিলের ৩য় রো'র যে কোন সেলে কার্সর রাখুন।
- অতপর **Table Tools** এর **Layout** ট্যাব এর **Merge** গ্রুপ বা প্যানেল এর **Split Table** ক্লিক করুন।



ক্রমিক নং			বেসিক বেতন	আনুসাঙ্গিক	মোট বেতন
১	মোঃ জসিম উদ্দিন	অফিসার	২২,০০০/-	৮,৫০০/-	৩০,৫০০/-
২	মোঃ বাদশা মিয়া	অফিসার	২৫,০০০/-	৯,০০০/-	৩৪,০০০/-
৩	মোছাঃ রাবেয়া বসরি	অফিসার	২০,০০০/-	৮,০০০/-	২৮০০০/-
৪	খঃ সাতিল আহমেদ	ব্যবস্থাপক	৫০,০০০/-	২০,০০০/-	৭০,০০০/-
৫	মোঃ জোবায়ের	সিনিয়র অফিসার	৩০,০০০/-	১০,০০০/-	৪০,০০০/-

নিচের চিত্রে লক্ষ্য করুন, টেবিলটি বিভক্ত হয়েছে। কীবোর্ডের **Enter** কী চেপে টেবিলটি নিচে নামাতে পারবেন।

ক্রমিক নং	নাম	পদবী	বেসিক বেতন	আনুসাঙ্গিক	মোট বেতন
১	মোঃ জসিম উদ্দিন	অফিসার	২২,০০০/-	৮,৫০০/-	৩০,৫০০/-
২	মোঃ বাদশা মিয়া	অফিসার	২৫,০০০/-	৯,০০০/-	৩৪,০০০/-

৩	মোছাঃ রাবেয়া বসরি	অফিসার	২০,০০০/-	৮,০০০/-	২৮০০০/-
৪	খঃ সাতিল আহমেদ	ব্যবস্থাপক	৫০,০০০/-	২০,০০০/-	৭০,০০০/-
৫	মোঃ জোবায়ের	সিনিয়র অফিসার	৩০,০০০/-	১০,০০০/-	৪০,০০০/-

টেবিল একত্রিত করা (Merge a Table)

এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টে বিভক্তকৃত টেবিল দুটি পুনরায় একত্রিত করতে নিম্নের পদ্ধতি অনুসরণ করুন।

- বিভক্তকৃত টেবিলের ওপরের টেবিলের নিচে কার্সর রাখুন।
- অতপর কীবোর্ডের **Delete** কী চাপুন। ততক্ষন চাপুন যতক্ষণ না টেবিল দুটি একত্রিত না হয়।

Move & Resize Table – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৫১ দেখতে এখানে ক্লিক করুন।

Merge & Split Cell/Table – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৫৩ দেখতে এখানে ক্লিক করুন।

> **Merge & Split Cell** নিয়ে তৈরি টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে **কিভাবে টেবিলে ফর্মূলা যুক্ত (Adding Formula) করা যায়** সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।